

“ছেলে হোক, মেয়ে হোক,
দুটি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
বাগেরহাট।

Email.ddfpbagerhat@gmail.com



স্মারক নং-জেপপ/বাগের/২০২২/ ৭৮৬

তারিখঃ ২৫/০৯/২০২২ খ্রিঃ।

বিষয়ঃ জন্ম ও মৃত্যু নিবন্ধনে পরিবার কল্যাণ সহকারীদের সহযোগিতা প্রসঙ্গে।

সূত্রঃ (১) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পরিপত্র ৪৫.১৩৭.১১৬.০০.০০.০০৪.২০১২(অংশ)-১০২১

তারিখঃ ০১/০৭/২০১৪খ্রিঃ।

(২) বিভাগীয় কমিশনার, খুলনা মহোদয়ের দিক নির্দেশনা (২০/০৯/২০২২ তারিখের জন্ম নিবন্ধন সংক্রান্ত কর্মশালা)।

(৩) জেলা প্রশাসক, বাগেরহাট মহোদয়ের দিক নির্দেশনা (২২/০৯/২০২২ তারিখের জন্ম নিবন্ধন সংক্রান্ত কর্মশালা)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ এ শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধনের বিধান রয়েছে। আইনের ৯(১)(ঘ) ধারা অনুসারে কোন ব্যক্তির জন্ম বা মৃত্যু নিবন্ধনের জন্য নিবন্ধকের নিকট তথ্য প্রদান করতে ইউনিয়ন পরিষদ, পৌরসভা সিটি কর্পোরেশন অথবা ক্যান্টনমেন্ট এলাকায় স্বাস্থ্যকর্মী ও পরিবার কল্যাণকর্মী দায়িত্বপ্রাপ্ত।

সম্প্রতি বিভাগীয় কমিশনার, খুলনা মহোদয় শতভাগ জন্ম, মৃত্যু নিবন্ধন নিশ্চিত করার জন্য কঠোর নির্দেশনা দিয়েছেন।

ইতোমধ্যে, বাগেরহাট জেলায় শতভাগ জন্মমৃত্যু নিবন্ধন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে জেলা প্রশাসক, বাগেরহাট মহোদয়ের নেতৃত্বে জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান এবং ইউনিয়ন সচিবদের সমন্বয়ে কর্মপরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে।

উক্ত কর্মপরিকল্পনা সভায় বাগেরহাট জেলার সিভিল সার্জন ও উপপরিচালক, পরিবার পরিকল্পনা উপস্থিত ছিলেন।

সভায় কর্মকৌশলের অংশ হিসেবে জেলায় কর্মরত সকল পরিবার কল্যাণ সহকারীকে জন্মনিবন্ধন ও মৃত্যু নিবন্ধন কাজে সম্পৃক্ত করার বিষয়ে শিক্ষান্ত গৃহীত হয়েছে। তাঁদের কার্যক্রম তদারকীর জন্য ইউনিয়ন সুপারভাইজার তথা এফ, পি, আই ও উপজেলা পর্যায়ে কর্মকর্তাগণ সম্পৃক্ত থাকবেন।

এমতাবস্থায়, অত্র বাগেরহাট জেলার সকল উপজেলার পরিবার কল্যাণ সহকারীকে জন্ম মৃত্যু নিবন্ধন কাজে ইউনিয়ন পরিষদকে সহযোগিতা করার জন্য একান্তভাবে অনুরোধ করা হল।

উল্লেখ্য, জন্ম-মৃত্যু নিবন্ধন কাজে সফলতার জন্য উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ কর্মীদের পুরস্কার/সম্মাননা প্রদান করা হবে। মাঠ পর্যায়ে সকল প্রস্তুতিমূলক সভায় কর্মকর্তা কর্মচারীদের সক্রিয় থাকার জন্যও পরামর্শ দেয়া হল।

বিষয়টি অতীব জরুরী।

প্রাপকঃ

পরিবার কল্যাণ সহকারী(সকল)

.....ইউনিট

.....ইউনিয়ন/পৌরসভা

..... উপজেলা

(বিকাশ কুমার দাস)

উপপরিচালক

পরিবার পরিকল্পনা, বাগেরহাট।

ফোন নং- ০২৪৭৭৭৫১০৬০

স্মারক নং-জেপপ/বাগের/২০২২/ ৭৮৬ /১(২০)

তারিখঃ ২৫/০৯/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। বিভাগীয় কমিশনার, খুলনা।
- ০২। পরিচালক (যুগ্ম সচিব) পরিবার পরিকল্পনা, খুলনা বিভাগ, খুলনা।
- ০৩। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ০৪। উপপরিচালক স্থায়ী সরকার, বাগেরহাট।
- ০৫। চেয়ারম্যান উপজেলা পরিষদ (সকল) উপজেলা.....জেলা-বাগেরহাট।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল) উপজেলা.....জেলা-বাগেরহাট।
- ০৭। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/,(সকল) মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)/(সকল)..... বাগেরহাট। তাঁকে তাঁর উপজেলার সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য দায়িত্ব দেয়া হলো।
- ০৮। চেয়ারম্যান (সকল).....ইউনিয়ন..... উপজেলা, বাগেরহাট।
- ০৯। পরিবার পরিকল্পনা পরিদর্শক (সকল) ইউনিয়ন উপজেলা, জেলা বাগেরহাট। তাঁকে পত্র প্রাপ্তির পরে ইউনিয়ন পরিষদ সচিবের সাথে সাক্ষাৎ করার জন্য বলা হলো।
- ১০। জনাব
- ১১। অফিস কপি/মাস্টার কপি।

(বিকাশ কুমার দাস)
উপপরিচালক

পরিবার পরিকল্পনা, বাগেরহাট।